ক্লাস হয়নি

# ১২ দিন পর খুলল মাইলস্টোন নিস্তব্ধ ক্যাম্পাস

**স্টাফ রিপোর্টার ॥** যুদ্ধ বিমান বিধ্বস্তের পর রবিবার খুলেছে ঢাকার উত্তরার মাইলস্টোন স্কুল অ্যান্ড কলেজ। ১২ দিন পর ক্যাম্পাস খুললেও নিস্তব্ধ ছিল ক্যাম্পাস। শিক্ষার্থীরা ক্লাসে বসেনি। নিজেদের মধ্যে গল্প আর দুঃসহ স্মৃতি মনে করে ভারাক্রান্ত হয়েছে। তারা বলে, এ এমন স্মৃতি যা কোনদিনও ভোলার নয়।

এদিন বেলা ১১টার দিকে স্মরণসভা ও দোয়া মাহফিল অনুষ্ঠিত হয়। মাহফিল শেষে শিক্ষার্থীদের সঙ্গে কুশল বিনিময় করেন শিক্ষকরা। সকাল ৯টা থেকেই শিক্ষার্থী ও অভিভাবকরা মাইলস্টোন ক্যাম্পাসে আসতে শুরু করেন। শিক্ষার্থীরা একাডেমিক ভবনে যাওয়ার আগে বিমান বিধ্বস্তে ক্ষতিগ্রস্ত ভবনের সামনে উঁকি-ঝুঁকি দেন। দশম শ্রেণির শিক্ষার্থী আব্দুল্লাহ আল মামুন বলেন, আমার পাশের বাসার এক ছোট ভাই এখানে ক্লাস করত। আন্টি ছোট ভাইয়াটাকে আমার সঙ্গে পাঠাতেন। আমি বড়, ওর খেয়াল রাখতে পারব এ জন্য। ও এখন বার্নে ভর্তি। কলেজে আসতে ভয় তাড়া করছিল দ্বাদশ শ্রেণির শিক্ষার্থী নওরোজ আফরিন এমনটাই বলছিল। সে বলে, আম্মুকে সঙ্গে নিয়ে এসেছি। চেনা মুখগুলো চোখে ভাসছে। বিশ্বাস হচ্ছে না তারা আর এই পৃথিবীতে নেই! ওদের হারাতে হবে এমন করে, তা কল্পনাও করিনি।

মাইলস্টোন কলেজের জনসংযোগ কর্মকর্তা শাহ বুলবুল জানান, শিক্ষার্থীরা যেন ধীরে ধীরে স্বাভাবিক জীবনে ফিরতে পারে, এ জন্যই সীমিত পরিসরে ক্যাম্পাস খুলে দেওয়ার সিদ্ধান্ত নেওয়া হয়েছে। নবম থেকে দ্বাদশ শ্রেণির শিক্ষার্থীরা এসে শিক্ষকদের সঙ্গে কুশলাদি বিনিময়ের সুযোগ পাবে, বন্ধুদের সঙ্গে সময় কাটাবে। মানসিক প্রশান্তি ফিরে পেতে এটি একটি গুরুত্বপূর্ণ ধাপ।